শেখ হাসিনার বারতা
নারী পুরুষ সমতা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

স্মারক নং-৩২.০২.০০০০.০০৬.১৬.০১৮.১৯. (অংশ-১) ৩৪২ তারিখ: ০৩।১১।২০২১

বিষয় : জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ, সেবা সহজিকরণ ও ডিজিটাল সেবার আইডিয়া প্রেরণ প্রসঙ্গে।

জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার ১.১, ১.২, ১.৩ এর বিধান অনুযায়ী ১টি উদ্ভাবনী উদ্যোগ, ১টি সেবা সহজিকরণ ও ১টি ডিজিটাল সেবা বাস্তবায়নের বিধান রয়েছে। উক্ত পরিকল্পনা অনুযায়ী সংস্থার ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত গত ২৫/১০/২০২১ তারিখের সভায় ১টি উদ্ভাবনী উদ্যোগ, ১টি সেবা সহজিকরণ ও ১টি ডিজিটাল সেবা নির্বাচন করা হয়েছে।

এমতাবস্থায়, সংস্থা কর্তৃক নির্বাচিত ১টি উদ্ভাবনী উদ্যোগ, ১টি সেবা সহজিকরণ ও ১টি ডিজিটাল সেবা মন্ত্রণালয়ের অবগতির জন্য এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তি : ১। সংস্থা কর্তৃক গৃহীত আইডিয়াসমূহ – ১ সেট।
২। গত ২৫/১০/২০২১ তারিখে অনুষ্ঠিত সংস্থার ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি সভার কার্যবিবরণী – ১ সেট।

০৩/১১/২১

(জি.এম. রফিকুল ইসলাম)
পরিচালক (যুগ্মসচিব)
জাতীয় মহিলা সংস্থা
ফোন: ৪৮৩১৩৮৩৩

সচিব,
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(দৃষ্টি আকর্ষণ : জনাব মো: ইনামুল হক , প্রোগ্রামার, আইসিটি শাখা,
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, ঢাকা)

অনুলিপি:
১। পিএ টু চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।
২। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
জাতীয় মহিলা সংস্থা
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

**জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই/২১ থেকে সেপ্টেম্বর/২১ পর্যন্ত) বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভার কার্যবিবরণী ।**

সভাপতি : জনাব জি.এম. রফিকুল ইসলাম, পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।

সভার তারিখ : ২৫ /১০/২০২১ ইং ।

সময় : বেলা ৩.৩০ ঘটিকা।

স্থান : জাতীয় মহিলা সংস্থার সভা কক্ষ।

উপস্থিতি : পরিশিষ্ট 'ক' এ সংযুক্ত ।

২। জাতীয় মহিলা সংস্থার ইনোভেশন টিমের চিফ ইনোভেশন অফিসার এবং সংস্থার পরিচালক জনাব জি. এম. রফিকুল ইসলাম সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার ২.২.৩ এ ''কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত'' ৪টি সভা আহবানের বিধান রয়েছে। উক্ত কর্মপরিকল্পনা অনুযায়ী আজকের এই ১ম সভার আয়োজন করা হয়েছে। পরবর্তীতে তিনি সংস্থার ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক (জুলাই-২০২১ –সেপ্টেম্বর/২০২১) অগ্রগতি সম্পর্কে সভায় উপস্থাপনের জন্য সংস্থার মূল্যায়ন কর্মকর্তা ও ইনোভেশন টিমের সদস্য সচিব জনাব মাছুমা বেগমকে অনুরোধ জানান।

৩। সভাপতির অনুমতিক্রমে মূল্যায়ন কর্মকর্তা, ই-গর্ভন্যান্স ও উদ্ভাবনী কর্মপরিকল্পনার আলোচ্য সূচি অনুযায়ী কার্যক্রম সমূহের ১ম ত্রৈমাসিক অগ্রগতি (জুলাই-২০২১ –সেপ্টেম্বর/২০২১) সভায় উপস্থাপন করেন এবং নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয় :

| আলোচ্য বিষয় | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১। ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন সংক্রান্ত কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ ; | | |
| ১.১)উদ্ভাবনী ধারণা বাস্তবায়ন | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বিষয়ে মূল্যায়ন কর্মকর্তা জানান, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত উক্ত কর্মপরিকল্পনায় প্রতিটি দপ্তর/সংস্থার ১টি উদ্ভাবনী ধারণা ১৬/০৩/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে জাতীয় মহিলা সংস্থার নিজস্ব কার্যক্রমের মধ্য হতে **''- সংস্থার প্রধান কার্যালয়ের নারী নির্যাতন প্রতিরোধ সেলের সেবা গ্রহীতাদের সেবা প্রাপ্তি সহজিকরণ''** বিষয়টি কে উদ্ভাবনী সেবা হিসেবে বাছাই করা হয়। বিস্তারিত বিবরণ পরিশিষ্ট 'ক' এ সদয় অবলোকন করা যেতে পারে।<br><br>উক্ত সেবাটির বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং তা বাস্তবায়নের বিষয়ে সভায় সকলে একমত পোষণ করেন। | সিদ্ধান্ত : প্রস্তাবিত উদ্ভাবনী ধারণাটি কর্মপরিকল্পনার নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br><br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট দপ্তরের দপ্তর প্রধান। |

| আলোচ্য বিষয় | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১.২) সেবা সহজিকরণ | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় প্রতিটি দপ্তর/সংস্থাকে ১টি সেবা সহজিকরণ পূর্বক জন্য ২৫/০২/২০২২ তারিখের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। এ লক্ষ্যে সংস্থার নিজস্ব কার্যক্রমের মধ্য হতে ''সংস্থার জেলা ও উপজেলায় পরিচালিত ট্রেড (সেলাই ও এমব্রয়ডারী) এর প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণ ভাতা তাদের নামে সরাসরি একাউন্টে/মোবাইল ব্যাংকিং এর মাধ্যেমে প্রদান'' বিষয়টি সেবা সহজিকরণ হিসেবে বাছাই করা হয়। বিস্তারিত বিবরণ পরিশিষ্ট 'খ' এ সদয় অবলোকন করা যেতে পারে।<br><br>উক্ত সেবাটির বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং তা বাস্তবায়নে সভায় সকলে একমত পোষণ করেন। | সিদ্ধান্ত : প্রস্তাবিত সেবা সহজিকরণটিকে কর্মপরিকল্পনার নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br><br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট শাখা দপ্তর প্রধান। |
| ১.৩) সেবা ডিজিটাইজেশন | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় প্রতিটি দপ্তর/সংস্থাকে ১টি সেবা ডিজিটাইজেশন পূর্বক জন্য ৩০/১২/২০২১ তারিখের মধ্যে বাস্তবায়নের নির্দেশনা রয়েছে। উক্ত বিষয়ে সংস্থার নিজস্ব কার্যক্রমের মধ্য হতে- ''সংস্থার প্রধান কার্যালয় ও জেলা ও উপজেলা শাখার কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন হাজিরা প্রদান '' বিষয়টি সেবা ডিজিটাইজেশন হিসেবে বাছাই করা হয়। বিস্তারিত বিবরণ পরিশিষ্ট 'গ' এ সদয় অবলোকন করা যেতে পারে।<br><br>উক্ত সেবাটির বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং তা বাস্তবায়নে সভায় সকলে একমত পোষণ করেন। | সিদ্ধান্ত : : প্রস্তাবিত সেবা ডিজিটাইজেশনটিকে কর্মপরিকল্পনার নির্ধারিত তারিখের মধ্যে বাস্তবায়ন করতে হবে।<br><br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট শাখা দপ্তর প্রধান। |
| ১.৪) ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবা সংক্রান্ত পর্যালোচনা সভা | কর্মপরিকল্পনায় আলোচ্য বিষয়ে ৩০/০৮/২০২১ তারিখের মধ্যে সভা আহবানের নির্দেশনা ছিল। নির্দেশনা অনুযায়ী নির্ধারিত তারিখে সভা অনুষ্ঠিত হয়েছে এবং কার্যবিরণী সংস্থার ওয়েব সাইটের ইনোভেশন কর্ণারে প্রদান করা হয়েছে। | সিদ্ধান্ত : ইতোপূর্বে বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবাসমূহ সুষ্ঠুভাবে বাস্তবায়ন হচ্ছে কিনা তা মনিটরিং করতে হবে।<br><br>বাস্তবায়নে : সংস্থার কর্তৃপক্ষ। |
| ১.৫) ই-নথি ব্যবহার বৃদ্ধি | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ৮০% নোট নিষ্পত্তির বিধান রয়েছে। সংস্থার সকল শাখাকে তাদের সংশ্লিষ্ট দপ্তরের ফাইল, ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তির বিষয়ে আলোচনা হয় এবং তা ১০০% বাস্তবায়নের বিষয়ে নিদেশনা দেয়া হয়। | সিদ্ধান্ত : সংস্থার সকল শাখাকে তাদের সংশ্লিষ্ট দপ্তরের ফাইল, ই-ফাইলের মাধ্যমে নিষ্পতি করতে হবে।<br><br>বাস্তবায়নে : সংশ্লিষ্ট দপ্তরের দপ্তর প্রধান। |

| আলোচ্য বিষয় | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ১.৬) ৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোবাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ সভা/কর্মশালা আয়োজন | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ''৪র্থ শিল্প বিপ্লবের চ্যালেঞ্জ মোবাবেলায় করণীয় বিষয়ে অবহিতকরণ'' বিষয়ে ৪টি সভা/কর্মশালা আয়োজনের বিধান রয়েছে।<br><br>এ বিষয়ে সভাপতি মহোদয় আলোচ্য বিষয়ে যথা শিঘ্র সম্ভব কর্মশালার আয়োজনের পরামর্শ প্রদান করেন। এ ক্ষেত্রে অধিপ্তরের সাথে কথা বলে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বলেন। | সিদ্ধান্ত : কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সভা/কর্মশালা আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে : ইনোভেশন চিফ অফিসার। |
| ২। প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি: | | |
| ২.১) তথ্য বাতায়ন হালনাগাদ করণ | জাতীয় মহিলা সংস্থার তথ্য বাতায়ন অর্থাৎ ওয়েবসাইড (jms.gov.bd) এ ৩ মাস অন্তর অন্তর তথ্য বাতায়ন হালনাগাদ করার বিধান রয়েছে। এ বিষয়ে সংস্থার সকল তথ্য হালনাগাদ করার লক্ষ্যে সংস্থার প্রতিটি শাখার হালনাগাদ তথ্য কম্পিউটার প্রশিক্ষক (জেভিমকপ্রপ্র, ৬৪ জেলা), সংযুক্ত জাতীয় মহিলা সংস্থাকে প্রদান করার জন্য নির্দেশ প্রদান করা হয়। | সিদ্ধান্ত : সংস্থার সকল শাখার শাখা প্রধানকে তাদের সংশ্লিষ্ট দপ্তরের তথ্য প্রদান করতে হবে।<br>বাস্তবায়নে : সংস্থার সকল শাখার শাখা প্রধানগণ। |
| ২.২) ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন; | | |
| ২.২.১) কর্মপরিকল্পনা বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজিত | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় বাস্তবায়ন সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়ে বছরে ৪টি প্রশিক্ষণের আয়োজন করার বিধান রয়েছে।<br><br>এ বিষয়ে যথাসময়ে কর্মপরিকল্পনা অনুযায়ী প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভাপতি মহোদন পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত : কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে প্রশিক্ষণের আয়োজন করতে হবে।<br><br>বাস্তবায়নে : ইনোভেশন চিফ অফিসার। |
| ২.২.২) ই-গভন্যান্স কর্মপরিকল্পনা বাস্তবায়নে জন্য বরাদ্দকৃত অর্থ ব্যয়িত | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নে জন্য জাতীয় মহিলা সংস্থার আলাদা কোন বাজেট বরাদ্দ নেই। এ বিষয়ে মন্ত্রণালয়ের গত ০৭/১০/২০২১ তারিখের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি সভায় সভাপতি মহোদয়ের পরামর্শ অনুযায়ী মন্ত্রণালয়ের বাজেট ও অডিট শাখার আলোচনা সাথে আলোচনা হয়েছে। উক্ত শাখা হতে সংস্থার ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন খাতে বাজেট কোড চেয়ে পত্র প্রেরণের পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের বাজেট শাখায় সংস্থার ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন খাতের বাজেট কোড ও বরাদ্দ চেয়ে পত্র প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : ইনোভেশন চিফ অফিসার। |

| আলোচ্য বিষয় | বাস্তবায়ন অগ্রগতি | সিদ্ধান্ত |
|---|---|---|
| ২.২.৩) কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা আয়োজিত | ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় কর্মপরিকল্পনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত বছরে ৪ টি সভা আয়োজনের বিধান রয়েছে। সভাগুলো যথা সময়ে অনুষ্ঠানের জন্য সভাপতি মহোদয় পরামর্শ প্রদান করেন। | সিদ্ধান্ত : কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে সভা আহবান করতে হবে।<br><br>বাস্তবায়নে : ইনোভেশন চিফ অফিসার। |
| ২.২.৪) কর্মপরিকল্পনা অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/ উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরিত | ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/উদ্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণের বিধান রয়েছে।<br><br>সংস্থার ই-গভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়ন পূর্বক অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/উর্ধতন কর্তৃপক্ষের নিকট যথাসময়ে প্রেরণের জন্য সভাপতি মহোদয় নির্দেশনা প্রদান করেন। | সিদ্ধান্ত : কর্মপরিকল্পনা অনুযায়ী যথাসময়ে অর্ধবার্ষিক স্ব-মূল্যায়ন করে প্রতিবেদন মন্ত্রিপরিষদ বিভাগে/উর্ধতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : ইনোভেশন চিফ অফিসার। |
| ২.২.৫) দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনকৃত ; | ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনায় ৩০/০৫/২০২২ অথবা ৩০/০৬/২০২২ তারিখের মধ্যে দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের বিধান রয়েছে।<br><br>এ বিষয়ে সভাপতি মহোদয় বলেন, কর্মপরিকল্পনা অনুযায়ী উল্লিখিত তারিখের মধ্যে দেশে/বিদেশে পরিদর্শনের ব্যবস্থা গ্রহণ করা হবে । | সিদ্ধান্ত : দেশে/বিদেশে বাস্তবায়িত ন্যূনতম একটি উদ্যোগ পরিদর্শনের ব্যাবস্থা গ্রহণ করতে হবে।<br><br>বাস্তবায়নে : ইনোভেশন চিফ অফিসার। |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১/১১/২২

(জি.এম.রফিকুল ইসলাম)
পরিচালক (উপসচিব)
জাতীয় মহিলা সংস্থা।
ফোন -৪৮৩১৩৮৩৩

স্মারক নং-৩২.০২.০০০০.০০৬.১৬.০১৮.১৯(অংশ-১) ৩৪৩

তারিখ :- ০৩/১১/২০২২

বিতরণ প্রয়োজনীয় কার্যার্থে (জ্যোষ্ঠতার ভিত্তিতে নয়):

১। উপপরিচালক, (প্রকল্প ও প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।
২। উপপরিচালক (প্রশাসন এবং হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
৩। সহকারী পরিচালক, (হিসাব ও অর্থ), জাতীয় মহিলা সংস্থা।
৪। সহকারী পরিচালক (প্রশাসন), জাতীয় মহিলা সংস্থা।
৫। সহকারী পরিচালক, (প্রকল্প), জাতীয় মহিলা সংস্থা।
৬। সহকারী পরিচালক, (প্রকাশনা), জাতীয় মহিলা সংস্থা।

।। মূল্যায়ন কর্মকর্তা, জাতীয় মহিলা সংস্থা।
৮। প্রশিক্ষক (কম্পিউটার) জে.ভি.ম.ক.প্র.প্র (৬৪ জেলা), সংযুক্ত জাতীয় মহিলা সংস্থা।
(সংস্থার ওয়েব সাইটে ইনোভেশন কর্ণারে আপলোডের অনুরোধ জানানো হলো )

অনুলিপি (সদয় অবগতির জন্য):
১। পিএ টু চেয়ারম্যান/নির্বাহী পরিচালক/পরিচালক, জাতীয় মহিলা সংস্থা।
২। অফিস কপি।

(জি.এম.রফিকুল ইসলাম)
পরিচালক (উপসচিব)
জাতীয় মহিলা সংস্থা।
ফোন -৪৮৩১৩৮৩৩

Bangladesh

"শেখ হাসিনার বারতা,
নারী পুরুষ সমতা"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় মহিলা সংস্থা
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
১৪৫, নিউ বেইলী রোড, ঢাকা।

মুজিব শতবর্ষ MUJIB 100

জাতীয় মহিলা সংস্থার ২০২১-২২ অর্থ বছরের ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ১ম ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত এক সভা অদ্য ২৫/১০/২০২১ তারিখ বেলা ৩.৩০ ঘটিকায় সংস্থার ৫ম তলায় অবস্থিত সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন সংস্থার পরিচালক এবং ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন টিমের চিফ ইনোভেশন অফিসার জনাব জি.এম. রফিকুল ইসলাম।

উক্ত সভায় ই-গর্ভন্যান্স ও উদ্ভাবন টিমসহ নিম্নবর্ণিত কর্মকর্তাগণের উপস্থিতি তালিকা:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১। | তাহমিনা বেগম | [illegible] ২৫/১০/২০২১ |
| ০২। | [illegible] আলী চৌধুরী<br>সহকারী পরি [illegible] | [illegible] ২৫/১০/২১ |
| ০৩। | এ.কে.এম ইসমাইল<br>সহকারী পরিচালক | [illegible] ২৫/১০/২১ |
| ০৪। | লায়লা আরজুমান বানু<br>সহকারী পরিচালক (প্রকল্প) | লায়লা ২৫/১০/২০২১ |
| ০৫। | মাহমুদা বেগম, মূল্যায়ন কর্মকর্তা<br>[illegible] | [illegible] ২৫/১০/২১ |
| ০৬। | শ্রী বিনয় কুমার রায়<br>প্রশিক্ষক কম্পিউটার | [illegible] ২৫/১০/২০২১ |
| ০৭। | মো: হুমায়ুন কবীর<br>হিসাব রক্ষক | [illegible] 25/10/2021 |
| ০৮। | ব্রজেন্দ্র কুমার [illegible]<br>সহকারি পরিচালক | [illegible] ২৫/১০/২১ |
| ১০। | | |
| ১১। | | |
| ১২। | | |
| ১৩। | | |